



বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়ঃ বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০।

01. সংক্ষিপ্ত পরিচিতি এবং উল্লেখযোগ্য তথ্যাদিঃ

- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ নিয়ন্ত্রিত একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালের তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানীর মেসার্স সিমেন্স এজি-এর যৌথ উদ্যোগে এই প্রতিষ্ঠানটি খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিকভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক প্রসারে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর ক্রমবর্ধমান চাহিদাবৃদ্ধির কথা বিবেচনা করে অত্র প্রতিষ্ঠানে ১০ কোটি টাকা ব্যয়ে একটি অত্যাধুনিক প্রযুক্তির অপটিক্যাল ফাইবার ক্যাবল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা হয়। পরবর্তীতে মেশিন সংযোজনের মাধ্যমে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা ৯,০০০ কিলোমিটারে উন্নীত করা হয়েছে।
- ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার ক্যাবল সংযোগ স্থাপনে ব্যবহৃত HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে ২০১৬-২০১৭ অর্থ-বছরে ২.২৫ কোটি টাকা ব্যয়ে HDPE Silicon Duct তৈরির প্ল্যান্ট স্থাপন করা হয়েছে এবং পরবর্তীকালে মেশিন সংযোজন করে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা ৩,৫০০ কিলোমিটারে উন্নীত করা হয়েছে।
- উৎপাদন বহুমুখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে ২০১৯ সালে বৈদ্যুতিক ও ভারহেড কন্ডাক্টর ও ক্যাবল তৈরির প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যার বাণিজ্যিক উৎপাদন চলছে।
- বিটিসিএল-এর GPON এবং FTTH এর জন্য Drop Fiber Cable, Simplex, Duplex Cable, Patch Cable উৎপাদনের জন্য অত্যাধুনিক প্রযুক্তির মেশিন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা-এর প্রধান ফটকঃ



১.১ প্রতিষ্ঠানের ধরণঃ	পাবলিক লিমিটেড কোম্পানী।
১.২ ভিত্তিপ্রস্তর স্থাপনঃ	৮ মে, ১৯৬৭ খ্রিঃ।
১.৩ পরীক্ষামূলক উৎপাদনঃ	১৯৭০ খ্রিঃ।
১.৪ বাণিজ্যিক উৎপাদনঃ	১০ ফেব্রুয়ারি, ১৯৭২ খ্রিঃ।
১.৫ বার্ষিক উৎপাদন ক্ষমতা- টেলিফোন কপার ক্যাবলঃ	স্থাপিত ক্ষমতাঃ ১.২৫ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার। বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ১.০ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।
অপটিক্যাল ফাইবার ক্যাবলঃ	স্থাপিত ক্ষমতাঃ ১০,০০০ কিলোমিটার। বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ৯,০০০ কিলোমিটার।
এইচডিপিই সিলিকন ডাক্টঃ	স্থাপিত ক্ষমতা- ৪,০০০ কিলোমিটার। অর্জনযোগ্য ক্ষমতাঃ ৩,৫০০ কিলোমিটার।
বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল	স্থাপিত ক্ষমতা- ৬৫০ মেট্রিক টন। অর্জনযোগ্য ক্ষমতাঃ ৬০০ মেট্রিক টন।
১.৬ বাকেশির উৎপাদিত পণ্যসমূহঃ	
টেলিফোন কপার ক্যাবলঃ	২ হতে ২৪০০ জোড়া পর্যন্ত আর্মার্ড ও ননআর্মার্ড ক্যাবল, এরিয়াল ক্যাবল, ইনস্টলেশন ক্যাবল, সাবমেরিন ক্যাবল, জাম্পার ওয়্যার, টি.আই.পি ক্যাবল, ড্রপ ওয়্যার ইত্যাদি।
অপটিক্যাল ফাইবার ক্যাবলঃ	২ হতে ১২ ফাইবার ইউনিটিউব আর্মার্ড ও ননআর্মার্ড ক্যাবল। ১২ হতে ২১৬ ফাইবার লুজটিউব স্ট্রান্ডেড আর্মার্ড ও ননআর্মার্ড ক্যাবল।
এইচডিপিই সিলিকন ডাক্টঃ	৩২/২৬ মিমি, ৩৪/২৮ মিমি, ৪০/৩৩ মিমি, ৫০/৪২ মিমি ও ৬৩/৫২ মিমি ব্যাসের ডাক্ট।
বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল	AAC-INS, AAC, ACSR, MHD Copper & Service drop Cable, XLPE Insulated Cable, PVC Insulated Copper & Aluminium Cable etc.
১.৭ শেয়ার ব্যবস্থাঃ	(ক) অনুমোদিত মূলধন ২০০,০০,০০,০০০ টাকা। (খ) ইস্যুকৃত মূলধন ৪৮,১৫,৮৫,৯৮০ টাকা। (গ) মোট শেয়ার সংখ্যা ২০,০০,০০,০০০ (সাধারণ - ২০,০০,০০,০০০ + অগ্রাধিকার - ০) (ঘ) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৪,৮১,৫৮,৫৯৮ (সাধারণ- ৪,৮১,৫৮,৫৯৮ + অগ্রাধিকার-০) (ঙ) প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা।

০২. বাকেশি ভিশন ও মিশনঃ

ভিশন- ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

মিশন- অপটিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধিকরণসহ ক্যাবল লেইং-এর কাজে অপরিহার্য ডাক্ট পাইপ তৈরি করে ক্রেতাকে যথাসময়ে সরবরাহ করা এবং আমদানি নির্ভরতা কমিয়ে দেশের অর্থ নীতিতে অবদান রাখা।

দেশে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে ঝুঁকিশীল বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর এবং ক্যাবল উৎপাদনসহ কর্ম সংস্থান সৃষ্টি ও ব্যবসায়িক পরিসর সম্প্রসারণ করে বেকারত্ব দূরীকরণ ও প্রাতিষ্ঠানিক কর্ম কান্ড সুদৃঢ় করণের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

০৩. বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদিঃ

- বর্তমান সরকারের রূপকল্প ২০২১ (Vision-2021) বাস্তবায়নে দেশীয় টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির সম্প্রসারণের গুরুত্ব অপরিহার্য থাকায় বাংলাদেশ ক্যাবল শিল্প (বাকেশি) লিমিটেড স্বাধীনতার পর থেকে দেশের টেলিযোগাযোগ অবকাঠামো স্থাপনে যাবতীয় টেলিফোন কপার ক্যাবলের চাহিদা ১০০% পূরণের পাশাপাশি বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় দ্রুতগতি ও উচ্চক্ষমতা সম্পন্ন ইনফরমেশন সুপার হাইওয়ের মূল মাধ্যম “অপটিক্যাল ফাইবার ক্যাবল” বাণিজ্যিকভাবে জুলাই, ২০১১ থেকে উৎপাদন করে আসছে। ইতোমধ্যে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দেশীয় তথ্য-প্রযুক্তির অবকাঠামো উন্নয়নে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে।
- বিটিসিএল-এর বিভিন্ন অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্পসহ আইসিটি বিভাগের অধীনে ৭৭২টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক প্রকল্পসহ অন্যান্য সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের ব্যাপক চাহিদা পূরণে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে ইতোমধ্যে ৩টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে। আরও ১টি মেশিন স্থাপনের কার্যক্রম চলছে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল লেইং-এর জন্য অপরিহার্য HDPE Silicon Duct প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য ২টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে।
- উৎপাদন ব্যবস্থা সম্প্রসারণে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও ক্যাবল তৈরির প্ল্যান্ট স্থাপন ও বাণিজ্যিকভাবে চালু করা হয়েছে।
- বাকেশি’র সক্ষমতা ও ফ্রেতার চাহিদা অনুযায়ী টেলিযোগাযোগ কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট পাইপ সম্ভোজনকভাবে সরবরাহ হওয়ায় আর্থিক ও ব্যবসায়িক দিক দিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ঘটেছে।

০৪. বাকেশির মিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রমঃ

- ২০১৯-২০ অর্থ বছরের জন্য বাকেশিতে টেলিফোন কপার ক্যাবল অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্টের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় যথাক্রমে ৫০,১৮৬ কন্ডাক্টর কিলোমিটার, ৫,৫০০ কিলোমিটার ও ১,৪০০ কিলোমিটার যা পূরণ করা সম্ভব হয়েছে।
- বিটিসিএল-এর **জিএম(ট্রান্সমিশন)** এর অধীন ২০১৯-২০ অর্থ বছরে ৬২০ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ৪৪০ কিঃমিঃ ডাক্ট পাইপের ক্রয়াদেশ পাওয়া যায় যার মূল্য প্রায় ৭.৩৫ কোটি টাকা।
- বিটিসিএল-এর অধীন কলেজ/বিশ্ববিদ্যালয় প্রকল্প থেকে ৬৭০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবলের ক্রয়াদেশ পাওয়া গেছে যার মূল্য ২.৪২ কোটি টাকা।
- বিটিসিএল সহ বিভিন্ন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের সম্প্রসারণ, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কর্মকান্ডে প্রায় ৪৯,৬০০ কন্ডাক্টর কিলোমিটার টেলিযোগাযোগ কপার ক্যাবল সরবরাহ করা হয়েছে।
- বাংলাদেশ রেলওয়ে কে ৬১০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ৬০৫ কিলোমিটার এইচডিপিই ডাক্ট পাইপের ক্রয়াদেশ পাওয়া যায় যার মূল্য প্রায় ১৮.৫০ কোটি টাকা।
- আইসিটি বিভাগে অধীনে বাস্তবায়নাধীন ৭৭২টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক প্রকল্পে ৮,১০৬ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ৫,০০০ কিলোমিটার ডাক্ট পাইপ উৎপাদনপূর্বক সরবরাহের ক্রয়াদেশ পাওয়া যায় যার মূল্য প্রায় ১৫৮ কোটি টাকা।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট-এর বাজারজাতকরণ আরও গতিশীল করতে দেশীয় ব্যবহারকারীদের সাথে সার্বক্ষণিকযোগাযোগ অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় বিটিসিএল, পিজিসিবি, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও বেসরকারী প্রতিষ্ঠান মেসার্স সামিট কমুনিকেশন, ফাইবার এট হোম লিঃ, ব্রাদার্স কনস্ট্রাকশন হামিদা ট্রেডার্স, গ্রামীণফোন, সিটিসেল, কমনওয়েলথ এসোসিয়েটস, বিএসআরএম, ওয়েব লিংক কমুনিকেশন, আমরা নেটওয়ার্ক, সিলেট কেবল সিস্টেম, আইএসএন লিঃ, মেসার্স এআরএ টেকনোলজিস্ ফোন্স বিডি লিমিটেড, মেসার্স রাসা ট্রেডার্স আই-অটোমেশন, মেসার্স খুলনা ভিশন ও অন্যান্য আই.এস.পি-র চাহিদার ভিত্তিতে ক্যাবল সরবরাহ করা হচ্ছে।
- বাকেশির APA, নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল এবং ইনোভেশনসহ বিভিন্ন টার্গেট সংশ্লিষ্ট কর্মসূচি প্রশিক্ষণ কর্মকান্ডের বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রমক্রিয়ভাবে চলমান রয়েছে।
- প্রতিষ্ঠানের জনবল চাহিদা পূরণে ০৬ জন আউটসোর্সিং কর্মী অস্থায়ী নিয়োগ করা হয়েছে।
- ২০১৯-২০ অর্থ বছরে সরকারী কোষাগারে শুল্ক, ভ্যাট, আয়কর ইত্যাদি খাতে সর্বমোট প্রায় ২৫.৬০ কোটি টাকা জমা দেওয়া হয়েছে।

০৫. উৎপাদন বহুমুখীকরণঃ

০৫.১ অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন প্ল্যান্টঃ

- ২০১১ সালে ১০ কোটি টাকা ব্যয়ে স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরির প্ল্যান্ট স্থাপনের পর এর উৎপাদিত ক্যাবলের মাধ্যমে দেশীয় সরকারী-বেসরকারী টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। একই সাথে বাকেশির আর্থিক ও ব্যবসায়িক ক্ষেত্রেও উল্লেখযোগ্য উন্নয়ন ঘটেছে।
- চাহিদার সাথে সমন্বয় করে এই প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন পরিচালনার সুবিধার্থে ইতোমধ্যে ১টি সিথিং লাইন মেশিন, ১টি সেকেন্ডারী কোটিং লাইন মেশিন ও ১টি এস-জেড স্ট্র্যান্ডিং লাইন মেশিন সংযোজন করা হয়েছে। আরও ১টি উচ্চগতির সিথিং লাইন মেশিন সংযোজনের ব্যবস্থা গ্রহণ করা হয় যার ফলে কারখানার বার্ষিক উৎপাদন সক্ষমতা ১০,০০০ কিলোমিটারে উন্নীত হবে।
- বিটিসিএল-এর GPON এবং FTTH এর জন্য Drop Fiber Cable, Simplex, Duplex Cable, Patch Cable উৎপাদনের জন্য অত্যাধুনিক প্রযুক্তির মেশিন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যা মার্চ-২০২১ এর মধ্যে চালু হবে।

০৫.২ HDPE Silicon Core Duct উৎপাদন প্ল্যান্টঃ

- দেশীয় সরকারি-বেসরকারি প্রকল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর সমপরিমাণ HDPE Silicon Duct এর চাহিদা রয়েছে। এই চাহিদা বিবেচনা করে বাকেশিতে অত্যাধুনিক HDPE Silicon Duct উৎপাদন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যা বিগত সেপ্টেম্বর, ২০১৬ হতে বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে।
- HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদা বিবেচনায় HDPE Silicon Duct তৈরির প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আরও ২টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে।
- উৎপাদিত Duct দিয়ে বিটিসিএল সহ অন্যান্য প্রতিষ্ঠানের অধিকাংশ চাহিদা পূরণে অবদান রাখা সম্ভব হবে। এতে বিদেশ হতে আমদানী নির্ভরতা কিছুটা হলেও কমবে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

০৫.৩ বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার উৎপাদন প্ল্যান্টঃ

- প্রতিষ্ঠানের উৎপাদন বহুমুখীকরণে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। পরীক্ষামূলক উৎপাদন সম্পন্ন হয়েছে। বর্তমানে বাণিজ্যিকভাবে প্ল্যান্টটি চলমান রয়েছে।
- এই প্ল্যান্ট হতে বাৎসরিক ৬০০ মেট্রিক টন পণ্য উৎপাদন করা সম্ভব হবে।
- দেশের বৈদ্যুতিক সেক্টরের অবকাঠামো উন্নয়নে অবদান রেখে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের মাধ্যমে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে অবদান রাখতে পারবে।

০৬. উন্নয়ন কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

বর্তমান সরকারের প্রতিশ্রুতি মোতাবেক উপরোক্ত যুগান্তকারী পদক্ষেপের পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনের সহায়ক হিসেবে কাজ করা ও প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় রাখতে নিম্নলিখিত কর্মপরিকল্পনা হাতে নেয়া হয়েছেঃ

- ভূ-গর্ভস্থ পাওয়ার ক্যাবল উৎপাদনের মেশিনারীজ স্থাপন।
- HDD Pipe ও Micro Duct Pipe উৎপাদনের প্ল্যান্ট স্থাপন।
- Pigtail ও Patch Cord তৈরীর জন্য প্রয়োজনীয় মেশিনারীজ ও যন্ত্রপাতি স্থাপন।
- বিদ্যুৎ সেক্টর ও বিভিন্ন যন্ত্রপাতিতে বহুল ব্যবহৃত সুপার এনামেলড কপার ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন।

০৭. বাকেশির কার্য ক্রমের উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদনঃ

- বিগত জুন, ২০২০ মাসে HDPE Silicon Duct উৎপাদন প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য নতুন ১টি উচ্চগতির HDPE Silicon Duct উৎপাদন মেশিন সংযোজন করা হয় এবং প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা ২,৫০০ কিলোমিটার হতে বৃদ্ধি ৩,৫০০ কিলোমিটারে উন্নীত হয়েছেঃ



- বিগত ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখে বাকেশি এবং আইসিটি বিভাগের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর অধিন “কানেস্টেড বাংলাদেশ” শীর্ষক প্রকল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল সরবরাহ সংক্রান্ত দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়ঃ



- বিগত ১লা সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখে তৎকালিন সচিব জনাব অশোক কুমার বিশ্বাস বাকেশি'র বৈদ্যুতিক ও ভারহেড কন্সট্রক্টর ও ক্যাবল উৎপাদন প্ল্যান্ট-এর শুভ উদ্বোধন ঘোষণা করেনঃ



০৮. প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যঃ

- বর্তমান সরকার-এর সময়কালে প্রতিষ্ঠানের অবকাঠামোগত উল্লেখযোগ্য উন্নয়নসহ কারখানার অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহ সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।
- অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্প্রসারণে দেশীয় পণ্য HDPE Silicon Duct সরবরাহের সূচনা তৈরি হয়েছে এবং ভবিষ্যতে চাহিদার সাথে সমন্বয় রেখে সরবরাহ বৃদ্ধি করা হবে।
- বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়ার তৈরির প্ল্যান্ট স্থাপন প্রকল্পটি বাকেশির জন্য একটি মাইলফলক। এই প্রকল্পটি ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব সুদৃঢ় করবে এবং জাতীয় অবদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হবে।
- ২০১৯-২০ অর্থবছরে চলমান কার্যক্রমসহ ভবিষ্যত কর্ম পরিকল্পনার কার্যক্রম সম্পাদিত হলে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় হবে এবং টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির নেটওয়ার্ক সম্প্রসারণসহ বিদ্যুৎ সেক্টরে উল্লেখযোগ্য অবদান রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যক্রম ভূমিকা রাখা সম্ভব হবে।

স্বাক্ষরিত/-
১৩-১২-২০২০

জগদীশ চন্দ্র মন্ডল
ব্যবস্থাপনা পরিচালক।